

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পয়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০১.০০৪.২১. ৭৬৬

তারিখ: ২৯ অক্টোবর, ২০২৫ খ্রি.

বিষয়: অনলাইন প্ল্যাটফর্মে আয়োজিত সভা ও আইজিএভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানে উপপরিচালক ও ইউআরডিওদের উপস্থিতি নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় বিভিন্ন সময়ে জরুরী দাপ্তরিক প্রয়োজনে অনলাইন প্ল্যাটফর্মে আয়োজিত সভার মাধ্যমে প্রকল্পের বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য ও নির্দেশনাবলী দ্রুততম সময়ে উপজেলা পর্যায়ে প্রদান করা হয়ে থাকে। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে প্রদত্ত নির্দেশনাবলী আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অবগত হওয়া অত্যাাবশ্যিক। এছাড়া মাঠ পর্যায়ে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে প্রশাসনিক মন্ত্রণালয়, আইএমইডি, বিআরডিবি'র মহাপরিচালক ও পরিচালকবৃন্দসহ বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তা অনলাইন প্ল্যাটফর্মে (জুম অ্যাপে) কানেক্ট হয়ে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে সরাসরি প্রশিক্ষণার্থীগণের সংগে মতবিনিময় করে থাকেন। উদ্বেগের সংগে লক্ষ্য করা যাচ্ছে যে, অনলাইন প্ল্যাটফর্মে আয়োজিত জরুরী সভা এবং উপজেলায় পর্যায়ে অনুষ্ঠিত আইজিএভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রায়শই সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও উপপরিচালকগণ উপস্থিত থাকেন না। ফলে প্রকল্পের নির্দেশনা সরাসরি আয়ন ব্যয়ন কর্মকর্তার নিকট পৌছানো সম্ভব হয় না। উর্ধ্বতন কর্মকর্তার অংশগ্রহণে অনুষ্ঠিত অনুষ্ঠানে অনুপস্থিতির বিষয়টি পেশাগত শৃঙ্খতার লঙ্ঘন ও দৃষ্টিকটুও বটে। এছাড়া জরুরী সভায় দপ্তর প্রধানের অনুপস্থিতির ফলে প্রকল্পের কার্যক্রমে গতিশীলতা আনয়নের ক্ষেত্রে বিঘ্নতা সৃষ্টির পাশাপাশি বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তার নিকট দাপ্তরিক ভাবমূর্তিও ক্ষুন্ন হচ্ছে। তাই এ বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক অসন্তোষ প্রকাশ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রকল্প সদর দপ্তর কর্তৃক অনলাইন প্ল্যাটফর্মে আয়োজিত সভা এবং আইজিএভিত্তিক প্রশিক্ষণে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে দপ্তর প্রধান হিসেবে উপপরিচালক ও ইউআরডিওদেরকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন: ০২-৪১০১০৩৪৪  
iresppwad@gmail.com

১। উপপরিচালক

জেলা.....(প্রকল্পভূক্ত জেলা)

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা..... জেলা.....(প্রকল্পভূক্ত উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি, (প্রকল্পভূক্ত সকল জেলা);
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, বিআরডিবি (প্রকল্পভূক্ত সকল উপজেলা);
৭. অফিস কপি।